আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা ।

ডিএফআইএম সার্কুলার লেটার নং-০২

তারিখঃ- ১১ মাঘ, ১৪২৭
২৫ জানুয়ারি, ২০২১

প্রধান নির্বাহী/ ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

**কোভিড-১৯ ভ্যাকসিনের জন্য প্রতিষ্ঠান ভিত্তিক কর্মকর্তা-কর্মচারীদের তালিকা প্রেরণ প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে অর্থ মন্ত্রণালয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, প্রশাসন ও কল্যাণ শাখা হতে প্রাপ্ত ২০ জানুয়ারি ২০২১ তারিখের পত্র নং-৫৩.০০.০০০০.২১১.৯৯.০১৫.২০-17 ও তদ্‌সঙ্গে সংযুক্ত স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, জনস্বাস্থ্য-২ শাখা এর ১৮ জানুয়ারি ২০২১ তারিখের পত্র সূত্র নং-৪৫.০০.০০০০.১৭১.৩২.০১৭.২০-১৪ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

২। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কোভিড-১৯ মহামারি মোকাবেলায় জনগণের স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিতকল্পে ভ্যাকসিন ক্রয়ের উদ্যোগ গ্রহণ করেছে। পর্যায়ক্রমে কোভিড ভ্যাকসিন সংগ্রহ করে সকল উদ্দিষ্ট জনগণকে কোভিড টিকার আওতায় আনা হবে মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। প্রাথমিক পর্যায়ে সরকার কর্তৃক প্রস্তুতকৃত অগ্রাধিকারভুক্ত প্রতিষ্ঠানের উদ্দিষ্ট জনগোষ্ঠীর তালিকায় আর্থিক প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীদেরকে অন্তর্ভুক্ত করা হয়েছে। টিকা প্রাপ্তির লক্ষ্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক ২১ জানুয়ারি ২০২১ তারিখ বিকাল ৩:০০ টার মধ্যে উদ্দিষ্ট জনগোষ্ঠীর তালিকা প্রেরণ করার জন্য অনুরোধ জানানো হয়েছে ।

৩। এক্ষণে, অগ্রাধিকার ভিত্তিতে টিকা প্রাপ্তির লক্ষ্যে সূত্রোক্ত পত্রের নির্দেশনা অনুযায়ী নিম্নবর্ণিত ছক-এ আপনাদের প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীদের তালিকা admin@fid.gov.bd ইমেইল ঠিকানায় **অতীব জরুরী ভিত্তিতে** প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশনা প্রদান করা যাচ্ছেঃ

| প্রতিষ্ঠানের নাম | কর্মকর্তা ও কর্মচারীদের নাম | জাতীয় পরিচয়পত্র নম্বর (ইংরেজি) |
|---|---|---|
| | | |

৪। উল্লিখিত ছক-এ আপনাদের প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীদের তালিকা প্রস্তুতের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণ করতে হবেঃ

(ক) তালিকা অবশ্যই Nikosh ফন্ট ব্যবহার করে এক্সেল ফরমেটে (.xlsx) সংরক্ষণ ও প্রেরণ করতে হবে;
(খ) কোনভাবেই পিডিএফ (.pdf) ফরমেট গ্রহণযোগ্য হবে না; এবং
(গ) NID এর ক্ষেত্রে ১০ অথবা ১৭ ডিজিট উল্লেখ করতে হবে এবং অবশ্যই ইংরেজিতে লিখতে হবে।

৫। আপনাদের প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীদের তালিকা অনুচ্ছেদ নং-৩ এ বর্ণিত ঠিকানায় প্রেরণের পাশাপাশি bb.hawa@bb.org.bd ও ara.hosne@bb.org.bd ইমেইল ঠিকানায়ও প্রেরণ করতে হবে। তাছাড়া উভয় ক্ষেত্রে প্রেরিত ইমেইল এ আলোচ্য বিষয়ে যোগাযোগের জন্য এতদ্‌সংশ্লিষ্ট ০২ (দুই) জন কর্মকর্তার নাম, পদবী, মোবাইল নাম্বার ও ইমেইল ঠিকানা উল্লেখ করতে হবে।

আপনাদের বিশ্বস্ত,

সংযোজনীঃ ০১ (এক) পাতা।

(মোঃ জুলকার নায়েন)
মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০১৭৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
প্রশাসন ও কল্যাণ শাখা
www.fid.gov.bd

মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

**অতীব জরুরি**

নং - ৫৩.০০.০০০০.২১১.৯৯.০১৫.২০-১৭ তারিখ: ২০ জানুয়ারি,২০২১

বিষয় : **কোভিড-১৯ ভ্যাকসিনের জন্য প্রতিষ্ঠানভিত্তিক কর্মকর্তা-কর্মচারীদের তালিকা প্রেরণ।**
সূত্র : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্মারক নং ৪৫.০০.০০০০.১৭১.৩২.০১৭.২০.১৪ তারিখ ১৮-০১-২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কোভিড-১৯ মহামারি মোকাবেলায় জনগণের স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিতকল্পে ইতোমধ্যেই জাতীয় ভ্যাকসিন প্রয়োগ পরিকল্পনা গ্রহণ করেছে। ১ম ধাপে সংগৃহীত ৩ কোটি ভ্যাকসিন অগ্রাধিকার ভিত্তিতে দেড় কোটি প্রাতিষ্ঠানিক কর্মকর্তা-কর্মচারীদের প্রদান করার লক্ষ্যে প্রতিষ্ঠান/দপ্তরের জনগোষ্ঠী/ব্যক্তিবর্গ/কর্মকর্তা-কর্মচারীর তালিকা প্রণয়নপূর্বক আগামী ২১ জানুয়ারি ২০২০ বিকাল ৩:০০ ঘটিকার মধ্যে নির্ধারিত ফরমে প্রেরণের জন্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় হতে অনুরোধ করা হয়েছে (পত্রের কপি সংযুক্ত)।

বর্ণিতাবস্থায়, তাঁর প্রতিষ্ঠান/দপ্তরের জনগোষ্ঠী/ব্যক্তিবর্গ/কর্মকর্তা-কর্মচারীর তালিকা প্রণয়নপূর্বক সংযুক্ত ফরমে "Nikosh" ফন্টে .xlsx ফরম্যাটে সফট কপি এ বিভাগের ই-মেইলে (ই-মেইল admin@fid.gov.bd) জরুরি ভিত্তিতে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল। উল্লেখ্য, কোনভাবেই পিডিএফ (.pdf) ফরম্যাট গ্রহণযোগ্য নয়।

সংযুক্তিঃ (১) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের পত্র ০২ (দুই) পাতা।
(২) নির্ধারিত ফরম (.xlsx ফরম্যাটে)।

**আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন সকল প্রতিষ্ঠান।**

২০/০১/২০২১
(মোহাম্মদ সফিউল আলিম)
উপসচিব
ফোন : ৯৫৫৯১০৯
admin@fid.gov.bd

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (বেসরকারি ব্যাংকসমূহের তথ্য সংযোজনপূর্বক প্রেরণের অনুরোধসহ)।
২। চেয়ারম্যান, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ই-৬/সি, আগারগাঁও ঢাকা।
৩। চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ৩৭ দিলকুশা বা/এ. ঢাকা।
৪। এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি, বড় মগবাজার, ঢাকা।
৫। অতিরিক্ত সচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
৬। যুগ্মসচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
৭। উপসচিব (সকল), অধিশাখা/শাখার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ হতে যথাসময়ে তথ্য সংগ্রহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (মহোদয়ের সদয় অবগতির জন্য)।